

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫২

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, হাদীসের উল্লেখিত শব্দ আবৃ হামযা ও আবৃ হানিফা এককভাবে বর্ণনা করেছেন-তাদের কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم هَذِهِ اللَّفْظَةَ تَفَرَّدَ بِهَا أَبُو حَمْزَةَ وَأَبُو حنيفة

আরবী

1352 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ النَّصْرِ فِي عَقِبِ خَبَرِ أَبِي حَمْزَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بِنِ الْحَسَنِ بْنِ شَقِيقٍ قَالَ: سَمِعْتُ أَبِي يَقُولُ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: سُئل رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: سُئل رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْمُسْتَحَاضَةِ فَقَالَ: (تَدَعُ الصَّلَاةَ أَيَّامَهَا ثُمَّ تَغْتَسِلُ غُسلاً وَاحِدًا ثُمَّ تَتَوَضَّا عُنْدَ كل صلاة)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1352 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৫২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইস্তিহাযাগ্রস্থ নারী সম্পর্কে জিজ্ঞেস করা হয়, জবাবে তিনি বলেন, "সে হায়েযের দিনগুলোতে সালাত ছেড়ে দিবে তারপর সে একবার গোসল করবে অতঃপর প্রত্যেক সালাতের জন্য ওয়ু করবে।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২২৮; নাসাঈ: ১/১৮৫; দারেমী: ১/১৯৯; তাহাবী: ১/১০২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৮১।)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন